দৈনিক বাংলা

21

তারিখ ... 04 DEC 1996
পৃষ্ঠা 2 কলাম 7

# ডিগ্রী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস?

**রফিকুল ইসলাম রতন ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলতি ডিগ্রী (পাস) পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ পাওয়া গেছে। গত কয়েকদিনে নগরীর বিভিন্ন স্থানে ফাঁস হওয়া এক একটি প্রশ্নপত্র ৫০ টাকা থেকে একশ' টাকায় বিক্রি হয়েছে। মঙ্গলবার হিসাবরক্ষণ দ্বিতীয় পত্রের প্রশ্ন ফটোস্ট্যাট করে বিভিন্ন কলেজে একশ' টাকা করে বিক্রি হতে দেখা গেছে। আজ এই বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

নগরীর বিভিন্ন কলেজের শিক্ষক এবং পরীক্ষার্থীদের সূত্রে জানা গেছে ৯ নবেম্বর থেকে পরীক্ষা শুরু হওয়ার পর অন্ততঃ ৬টি বিষয়ে প্রশ্নপত্র ফাঁস হয়েছে। হাতে লেখা বিভিন্ন বিষয়ের এসব প্রশ্ন নগরীর আজিমপুর এলাকায় বিভিন্ন মূল্যে বিক্রি হচ্ছে। প্রথম প্রথম এসব প্রশ্ন ছাত্রছাত্রীরা বিশ্বাস করেনি। পরবর্তীতে পরীক্ষার হলে দেয়া প্রশ্নের সঙ্গে এগুলোর হুবহু মিল দেখে কেউ কেউ হতাশ

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **প্রশ্নপত্র ফাঁস?**

হয়েছেন। আবার কেউ কেউ প্রশ্ন কেনার জন্য ছুটাছুটি করেছেন। মঙ্গলবার বেশ কয়েকটি কলেজের পরীক্ষার্থীরা জানান, তারা রোববার হিসাবরক্ষণ ১ম পত্রের প্রশ্ন ফাঁসের খবর শুনেছিলেন, কেউ কেউ হাতে লেখা দুই পাতার প্রশ্নপত্র পেয়েও ছিলেন। সোমবারে অনুষ্ঠিত উল্লেখিত বিষয়ের মূল প্রশ্নের সঙ্গে ফাঁস হওয়া প্রশ্নের হুবহু মিল ছিল। একই পদ্ধতিতে গতকাল মঙ্গলবারও তারা হিসাব রক্ষণ ২য় পত্রের প্রশ্ন হাতে পেয়েছেন। এই বিষয়ে আজ পরীক্ষার্থী ছাত্রছাত্রী এবং শিক্ষকরা অনুমান করছেন পরীক্ষার হলে দেয়ার পর হয়তো দেখা যাবে ফাঁস হওয়া প্রশ্নের হুবহু মিল রয়েছে। নগরীর একটি কলেজের জনৈক শিক্ষক যিনি হলের পরিদর্শক ছিলেন তিনি জানান, হিসাব-রক্ষণ ১ম পত্রের প্রশ্ন হলে বিতরণের আগেই অনেক ছাত্রই অতি আগ্রহে জানতে চেয়েছে, প্রশ্নের উপরে কোড হিসাবে 'বিশ্বকাপ' লেখা আছে কি না। পরে দেখা গেছে প্রশ্ন পত্রের উপরে কোড হিসাবে বিশ্বকাপ লেখা ছিল।

আজকের হিসাবরক্ষণ ২য় পত্র ফাঁস হওয়া প্রশ্নে মোট ৬টি প্রশ্ন রয়েছে। প্রথম প্রশ্নের ক-তে রয়েছে, ১৯৯১ সালের ব্যাংকিং কোম্পানী আইনে অনুযায়ী তফসিল মুক্ত ব্যাংকের জন্য বিধিবদ্ধ লাভ ক্ষতির হিসাব ও ও উদ্বৃত্ত পত্রের ছকদ্বয় উপস্থাপন কর। খ-তে রয়েছে, ব্যাংকের উদ্বৃত্ত পত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত কর্মের যে বিস্তারিত বিবরণ প্রদান করা হয় তা সম্পর্কে মন্তব্য কর ২নং প্রশ্নের ক-তে রয়েছে, বিভাগীয় হিসাব কি? এ ধরনের হিসাব হতে কি কি সুবিধাদি পাওয়া যায়। ৩ নবেম্বর প্রশ্নের ক-তে রয়েছে, বোনাস শেয়ারের সুবিধা কোম্পানীর দৃষ্টিকোণ হতে আলোচনা কর। ৬ নম্বর প্রশ্নে রয়েছে ৫টি টিকা।

নাম প্রকাশে অনিচ্ছুক নগরীর একটি নামকরা কলেজের একজন শিক্ষক জানান, অনেক ক্ষেত্রে ফাঁস হওয়া প্রশ্ন সাজেশনের নামে চালিয়ে দেয়া হয়। একটি সূত্র জানায়, গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্টাফদের মাধ্যমেই প্রশ্ন বাইরে এসেছে। সরাসরি প্রশ্ন বাইরে না এসে হুবহু হাতে লিখে প্রশ্ন ফাঁস করা হয়েছে বলে তাঁরা অভিযোগ করেছেন। পরীক্ষার শুরুর দিন বরিশাল কলেজেও প্রশ্ন ফাঁস হয়েছিল বলে জানা গেছে।

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভি-যোগ অস্বীকার করে বলেন, আজ পর্যন্ত কেউ এ ধরনের অভিযোগ করেনি। তা ছাড়া প্রশ্নপত্র ফাঁস হওয়ারও কোন সুযোগ নেই। বরিশালে প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে পত্রিকায় খবর বেরিয়েছে, এ প্রসঙ্গে তিনি কিছু জানেন না এবং পত্রিকার খবরটি দেখেননি বলে জানান।

গত ৯ নবেম্বর থেকে জাতীয় বিশ্ব-বিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষা শুরু হয়েছে। ইতিমধ্যেই বিভিন্ন শাখার ২০টি পরীক্ষা শেষ হয়েছে। আগামী ৪ জানুয়ারী পর্যন্ত পরীক্ষা চলবে। ইতিমধ্যেই পরীক্ষায় নকল করার অপরাধে ৫ হাজারেরও বেশী ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এ বছর জাতীয় বিশ্ববিদ্যাল-য়ের অধীন দেশের ৬৮২টি কলেজের পরীক্ষার্থীরা ৬৭৭টি (৬টি সাব সেন্টার-সহ) কেন্দ্রে পরীক্ষা দিচ্ছেন। পরীক্ষায় একলাখ ৬৫ হাজার ৩৮১ জন নিয়মিত ছাত্রছাত্রীসহ মোট ২ লাখ ১২ হাজার ৭৩৩ জন অংশ নিয়েছেন।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৩ সাল থেকে দেশের ডিগ্রী পরীক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছেন।